

D.G/D.P.E

ব্যবস্থা নিন।

১৬.০৩.১৮
মোস্তাফিজুর রহমান, এম.পি
মন্ত্রী
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ:-০৭মার্চ,২০১৮খ্রি.

বরাবর

মননীয় মন্ত্রী

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়:-বদলীর আবেদন প্রসংগে।

জনাব,

সবিনয় বিনীত নিবেদন এই যে, আমি অজন্তা রায় ১০২নং গুলিশাখালি স: প্রা: বিদ্যালয়, মঠবাড়িয়া, পিরোজপুর জেলায় সহকারি শিক্ষক (প্রাক-প্রাথমিক) পদে কর্মরত আছি। আমি গত ০৫/১০/২০১৭খ্রি. তারিখ আমার অসুস্থ দুই শিশু (যমজ) পুত্রকে আপনার ও মহাপরিচালক মহোদয়-এর কাছে এসেছিলাম ও বদলীর জন্য একটি আবেদন করেছিলাম।আপনি আবেদনে বদলী চলাকালীন সময়ে আবেদনটি গুরুত্ব সহকারে দেখার জন্য সুপারিশ করেছিলেন ও মহাপরিচালক মহোদয়ের সঙ্গে দেখা করতে বলেছিলেন।মহাপরিচালক মহোদয়ও উক্ত সময়ে বদলী করে দিবেন বলে আশ্বস্ত করেন। সে আবেদন প্রেক্ষিতে গত ১৫/০১/২০১৮খ্রি. তারিখ মহাপরিচালক মহোদয়ের অফিস থেকে আমাকে নারায়নগঞ্জ জেলার, সোনারগাঁও উপজেলার শিক্ষা কর্মকর্তা বরাবর দেয়া প্রস্তাবনা দেয়া হয়। সে মোতাবেক ৭২নং নাগেরগাঁও স: প্রা: বিদ্যালয়, সোনারগাঁও, নারায়নগঞ্জ জেলার প্রস্তাবনার জবাব ০৭/০২/২০১৮খ্রি. মহাপরিচালক মহোদয় দপ্তরে জমা দেই।মহাপরিচালক মহোদয়ের অফিসে যোগাযোগ করলে তারা জানায় আপনার বদলীতে শর্তনিয়ে সমস্যা হয়েছে। এখন আমার স্বামী জাতীয় গ্রন্থকেন্দ্র, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকায় চাকরি করেন।এছাড়া আমার স্বামী নারায়ণগঞ্জ জেলায় আবেদন জমা দেয়ার পর জমি ক্রয় করে বসবাস করছে। ও আমার ছোট শিশু পুত্রটিকে ঢাকায় পনের দিন পর পর চিকিৎসা করাতে হয়। ডাক্তার বলেছে শিশুটিকে নিয়মিত চিকিৎসা না করালে সারা জীবনের জন্য শিশুটি অন্ধ হয়ে যেতে পারে।যার জন্য ছুটি, আর্থিক সমস্যা ও নিয়মিত শিক্ষাদানে ব্যহত হচ্ছে। তাই আমাকে মানবিক দিক বিবেচনা করে ৭২নং নাগেরগাঁও স: প্রা: বিদ্যালয়, নারায়নগঞ্জ জেলার, সোনারগাঁও উপজেলায় বদলীর জন্য আকুল আবেদন করছি।

অতএব বিনীত প্রার্থনা যাতে আমি বদলী হয়ে স্বামী সন্তান নিয়ে আপনার অর্পিত দায়িত্ব সুষ্ঠভাবে পালন করতে পারি, তার বিহীত বিধান করতে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক,
আপনার একান্ত অনুগত
০৭.০৩.২০১৮
(অজন্তা রায়)
সহকারী শিক্ষক
১০২নং গুলিশাখালি সরকারি প্রাথমিক বিদ্যালয়
মঠবাড়িয়া, পিরোজপুর।
মোবাইল:০১৭৮৪-২০১৮৬৪

সংযুক্তি:-১। মূল আবেদনের ফটোকপি
২ প্রস্তাবনার ও প্রস্তাবনার উত্তর
৩।চিকিৎসার কাগজপত্রের ফটোকপি।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর
তারিখ ঃ
☐ অতিরিক্ত মহাপরিচালক
☐ পরিচালক (প্রশাসন)
☐ পরিচালক [illegible]
☑ পরিচালক [illegible]
☐ [illegible]
☐ [illegible]
☐ [illegible]
☐ [illegible]
☐ সিস্টেম এনালিস্ট
☐ উপপরিচালক
☐ [illegible]
মহাপরিচালক

আবেদনটি বদলি
নীতিমালার আওতায়
[illegible] [illegible]
রয়েছে বলে মনে হয়। মানবিক
বিবেচনায় আবেদনটি দ্রুত নিষ্পত্তি
করা প্রয়োজন। প্রয়োজনে
প্রয়োজনীয় ব্যবস্থা নিন।